রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**মঙ্গলবার, মে ১৪, ২০১৯**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**কৃষি মন্ত্রণালয়**

**উপকরণ-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ১০ বৈশাখ ১৪২৬/২৩ এপ্রিল ২০১৯

**নং ১২.০০.০০০০.০২৬.৪০.০৩০.১৭.১১০**—সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬ এর ৭ ধারায় অর্পিত ক্ষমতাবলে ০২ জানুয়ারি ২০১৮ তারিখে অনুষ্ঠিত জাতীয় সার প্রমিতকরণ কমিটির সুপারিশের পরিপ্রেক্ষিতে 'Mazim Trichoderma Biofertilizer' নামীয় অনুজীব সার এর উৎপাদনকারী প্রতিষ্ঠান : মাজিম এগ্রো ইন্ডাস্ট্রিজ লিমিটেড, চকপাড়া, মাওনা, শ্রীপুর, গাজীপুর এর অনুকূলে নিম্নেবর্ণিত বিনির্দেশ ও শর্তাবলীর আলোকে এতদ্বারা সরকার কর্তৃক অনুমোদন প্রদান করা হইল :

১. বিনির্দেশ

Name of the Product : Mazim Trichoderma Biofertilizer

(ঢেঁড়শ (রবি) ও ডাল জাতীয় ফসল উৎপাদনের জন্য ব্যবহার করা যাবে)

| | |
|---|---|
| Fungal specie | : Trichoderma harzianum T32 (free from contamination) |
| Media | : Talcum powder and Rice bran/Wheat bran/Maize bran |
| Spore number | : Minimum $4.3 \times 10^6$ spores/1 gram sample |

২. শর্তাবলী :

(ক) সার (ব্যবস্থাপনা) আইন, ২০০৬ এর ধারা ১৩(১) এবং সার (ব্যবস্থাপনা) (সংশোধন) আইন, ২০০৯ অনুযায়ী সারের বস্তার গায়ে লেবেল লাগাইতে হইবে।

(খ) লেবেলে নিম্নবর্ণিত তথ্যাদি স্পষ্টাক্ষরে ও সহজে দৃশ্যমানভাবে বাংলা বা ইংরেজিতে লিখিতে হইবে, যথা :—

i) সারের নাম (ব্রান্ড নাম যদি থাকে উহাও উল্লেখ করিতে হইবে);

ii) সারের বিদ্যমান আবশ্যকীয় উদ্ভিদ পুষ্টি উপাদানের নাম এবং উহার শতকরা হার;

iii) সারের নীট ওজন;

iv) প্রস্তুতকারকের নাম, ঠিকানা, নিবন্ধন নম্বর ও যে দেশে প্রস্তুত সেই দেশের নাম;

v) নিশ্চায়তা বিশ্লেষণ (Guaranteed Analysis);

vi) উৎপাদনের তারিখ; এবং

vii) সর্বোচ্চ খুচরা মূল্য (MRP)।”

রাষ্ট্রপতির আদেশক্রমে

**আ.ফ.ম. আলমগীর কবীর**
সহকারী সচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website : www.bgpress.gov.bd